

প্র-পুওর স্লামস ইন্টিগ্রেশন প্রজেক্ট

পরিবেশ ব্যবস্থাপনা কাঠামো

সার-সংক্ষেপ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

ইএস - ১ : ভূমিকা

নগর এলাকায় বস্তিতে বসবাসরত দরিদ্র জনগোষ্ঠীর জীবন যাত্রার মান উন্নয়নের লক্ষ্যে বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় বাংলাদেশ সরকার প্র-পুওর স্লামস ইন্টিগ্রেশন প্রজেক্ট (PPSIP) বাস্তবায়নের উদ্যোগ নেয়। বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, PPSIP বাস্তবায়ন করবে। আবাসনের নিরাপত্তা বৃদ্ধি, অবকাঠামো উন্নয়ন ও ঋণ সুবিধার মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন তথা দারিদ্র্য বিমোচন কে এ প্রকল্প বিশেষভাবে গুরুত্ব দিচ্ছে।

পরিবেশগত স্বাস্থ্য ঝুঁকির উল্লেখযোগ্য পূর্বসংকেত হলো নগর দারিদ্রতা। বর্তমানে বাংলাদেশে নগরে বসবাসরত ৪০ মিলিয়ন জনগণের প্রায় ৬২ শতাংশই বস্তিতে বা বিধি-বহির্ভূতভাবে বসবাস করে। বিশাল এ জনগোষ্ঠী সর্বদাই অবকাঠামো, রাজনৈতিক সদিচ্ছা, মৌলিক সেবা ও সামাজিকভাবে বঞ্চিত। এটা সহজে উপলব্ধি করা যায় যে, একটি সমন্বিত প্রচেষ্টার দ্বারা বস্তিবাসীর জীবনমান উন্নয়ন ব্যতীত Millennium Development Goals অর্জন কোন ক্রমেই সম্ভব না। এ প্রেক্ষিতে, PPSIP'র লক্ষ্য শুধুমাত্র একটি আবাসন প্রকল্পে সীমাবদ্ধ নয়; বরং একটি টেকসই সমাধানের লক্ষ্যে দরিদ্র জনগোষ্ঠীর আত্মবিশ্বাস বৃদ্ধি, জীবনযাত্রা গতিশীল রাখা ও স্বাভাবিক অবস্থায় প্রত্যাবর্তন করা।

ইএস - ২ : প্র-পুওর স্লামস ইন্টিগ্রেশন প্রজেক্ট (PPSIP)

প্রথমিকভাবে বাংলাদেশে পাঁচটি সিটি কর্পোরেশন/পৌরসভায় প্র-পুওর স্লামস ইন্টিগ্রেশন প্রজেক্টের কার্যক্রমের পরিকল্পনা করা হয়েছে। কমিউনিটি পরিচালিত/ভিত্তিক বিভিন্ন ধরনের কার্যক্রম প্রদর্শনের মাধ্যমে আবাসন সমস্যা সমাধানের কার্যকরী ক্ষেত্র নিরূপণ করা হবে এ প্রকল্পের মাধ্যমে। প্রস্তাবিত PPSIP বাস্তবায়নের উদ্দেশ্য উন্নত, নিরাপদ ও সশ্রয়ী মূল্যের আবাসনের মাধ্যমে মনোনীত শহরের বস্তি এলাকায় বসবাসরত অসহায় জনগোষ্ঠীর জন্য অনিয়মিত বসতি (informal Settlement) সংস্থাপন। নগর জনগোষ্ঠীর উন্নয়ন, সংহতি সৃষ্টি, বিভিন্ন পর্যায়ের অংশগ্রহণ, পর্যবেক্ষণ, মূল্যায়ন ও প্রকল্প ব্যবস্থাপনার ক্ষেত্রে এ প্রকল্পের প্রধান চারটি উপাদান/মডেল যথেষ্ট অবদান রাখবে। ইন-সিটু আপগ্রেডিং (in-situ upgrading); রি-ব্লকিং (re-blocking); ল্যান্ড শেয়ারিং (land sharing) ও ঐচ্ছিক পুনর্বাসন (voluntary resettlement) নামক চারটি মডেলের পরীক্ষামূলক কার্যক্রমের মাধ্যমে প্রকল্প এলাকার চিহ্নিত নগর দরিদ্র সম্প্রদায়ের জীবন মান উন্নয়ন করা হবে।

স্থানীয় সম্প্রদায়ের মাঝে কমিউনিটি পরিষেবা ও নাগরিক সুবিধাদির (utility facilities) উন্নতিসাধন ইন-সিটু আপগ্রেডিং পদ্ধতির প্রধান বিবেচ্য বিষয়। রি-ব্লকিং পদ্ধতিতে পূর্ণাঙ্গভাবে জমির পুনঃবিন্যাসসহ পরিবেশের সার্বিক অবস্থার উন্নয়ন ঘটানো হবে। ল্যান্ড শেয়ারিং একটি পরিকল্পিত পদ্ধতি, জমির মালিক ও বসবাসরত দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে আপোষের মাধ্যমে ভূমির বন্টন করা হবে এ পদ্ধতিতে। ল্যান্ড শেয়ারিং পদ্ধতিতে জমির মালিক ও ভাড়াটিয়া সমভাবে উপকৃত হবে। ভূমি ব্যবহার অধিকারের মাধ্যমে নিরাপদ আবাসনের নিশ্চয়তার জন্য ঐচ্ছিক পুনর্বাসন পদ্ধতিকে সর্বাধিক কার্যকরী মডেল হিসাবে বিবেচনা করা হয়। এ চারটি মডেল বাস্তবায়নের মাধ্যমে বস্তি এলাকায় ভাল বাসস্থানের সুবিধাসহ; পানি সরবরাহ, স্যানিটেশন ও অন্যান্য মৌলিক সেবা প্রদানের মাধ্যমে একটি বাসযোগ্য পরিবেশ সৃষ্টি হবে। এছাড়া, স্থানীয় দরিদ্র জনগোষ্ঠীর সরাসরি অংশগ্রহণে রাস্তা, ফুটপাথ, ড্রেনেজ, বর্জ্য ব্যবস্থাপনা ও বহুমুখী কমিউনিটি ভবনসহ অন্যান্য নাগরিক সুবিধাদির পরিকল্পনা প্রণয়ন করা হবে। তবে, মনোনীত এলাকায় বাস্তবায়ন পর্যায়ে এ সকল বিভিন্ন উন্নয়ন কাজের বিশদ নকশা প্রণয়ন ও পর্যালোচনার মাধ্যমে চূড়ান্ত করা হবে।

ইএস - ৩ : পরিবেশ ব্যবস্থাপনা কাঠামো (EMF)

প্রস্তাবিত PPSIP কার্যক্রম বাংলাদেশের পাঁচটি মাঝারি শহরে (সিটি কর্পোরেশন/“ক” শ্রেণীর পৌরসভা) বাস্তবায়িত হবে। তবে, যে সকল কমিউনিটিতে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়িত হবে, তা এ পর্যায়ে চূড়ান্ত করা হয়নি। উপ-প্রকল্প সনাক্ত, নকশা প্রণয়ন ও বাস্তবায়ন পর্যায়ে সমন্বিত সঠিক পরিবেশ ব্যবস্থাপনার জন্য এ বহুমুখী EMF নির্দেশিকা তৈরী করা হয়েছে। বাংলাদেশ সরকার ও বিশ্ব ব্যাংকের পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ক আইন, বিধি ও রীতি-নীতি পূরণের ক্ষেত্রে এ পরিবেশ ব্যবস্থাপনা কাঠামো বিশেষ সহায়ক হবে।

জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের পরিবেশগত গুরুত্বপূর্ণ নীতিমালা যেমন: পরিবেশ সংরক্ষণ আইন - ১৯৯৫, পরিবেশ সংরক্ষণ বিধিমালা- ১৯৯৭ ও বিশ্ব ব্যাংকের অপারেশনাল পলিসি (ওপি- ৪.০১: এনভায়রনমেন্টাল এসেসমেন্ট) বিস্তারিতভাবে পর্যালোচনার মাধ্যমে এ EMF নির্দেশিকা তৈরী করা হয়েছে। মাঠ পরিদর্শন ও স্থানীয় সম্প্রদায়ের সাথে মতবিনিময়ের মাধ্যমে প্রকল্প এলাকার পরিবেশগত সম্ভাব্য প্রভাব নিরূপনসহ প্রশমনের উপায় তুলে ধরা হয়েছে এ কাঠামোতে। প্রকল্প এলাকা হিসাবে কুমিল্লা শহরের, রবিদাস পাড়া, মফিজাবাদ কলোনী, গোদারমার বস্তি, ডলাস হাউজ ও বউ বাজার এলাকার প্রথমিক জরীপ পরিচালনা করা হয়। এছাড়া, নারায়নগঞ্জ ও কুমিল্লা শহরের তিনটি বস্তি (খাষি পাড়া, সিটি কলোনী ও টিক্কার চর) পরিদর্শন করা হয়।

ইএস - ৪ : পরিবেশগত মূল্যায়নের (EA) পরিপ্রেক্ষিতে PPSIP কার্যক্রমের শ্রেণীবিন্যাস

পরিবেশ সংরক্ষণ আইন/ বিধিমালা (ECA - 1995, ECR - 1997) ও অন্যান্য প্রাসঙ্গিক নীতি ও আইন মেনে বাংলাদেশে উন্নয়ন প্রকল্প সমূহ বাস্তবায়িত হয়। পরিবেশ সংরক্ষণ বিধিমালা'র শ্রেণীবিন্যাস অনুযায়ী প্রকল্পের অবস্থান, আকার ও সম্ভাব্য দূষণের তীব্রতার ভিত্তিতে শিল্প ও উন্নয়ন প্রকল্প সমূহকে চারটি শ্রেণীতে ভাগ করা হয় যেমন, (ক) সবুজ, (খ) কমলা-এ, (গ) কমলা-বি, এবং (ঘ) লাল। যেহেতু, সবুজ শ্রেণীর প্রকল্পসমূহ সাধারণত দূষণ মুক্ত হিসাবে বিবেচিত হয়, সেহেতু এ ক্ষেত্রে প্রাথমিক পরিবেশগত পরীক্ষা (IEE)/ পরিবেশগত প্রভাব মূল্যায়নের (EIA) প্রয়োজন হয় না। লাল শ্রেণীর প্রকল্পসমূহে উল্লেখযোগ্য মাত্রায় পরিবেশগত বিরূপ প্রভাব থাকায় এ ক্ষেত্রে একটি EIA এর আবশ্যিকতা রয়েছে। কমলা শ্রেণীর প্রকল্পসমূহে সীমিত বা মাঝারী মাত্রায় প্রভাব থাকে, যা প্রশমনযোগ্য। কমলা-এ ও কমলা-বি শ্রেণীর প্রকল্পসমূহের সম্ভাব্য বিরূপ প্রভাব বিবেচনায় নিয়ে যথাক্রমে “প্রক্রিয়া প্রবাহ চিত্র” ও IEE রিপোর্ট তৈরী করা প্রয়োজন।

বিশ্ব ব্যাংকের অপারেশনাল পলিসি (ওপি- ৪.০১: এনভায়রনমেন্টাল এসেসমেন্ট) সাধারণত ব্যাংকের "পরিবেশ সংরক্ষণ নীতি" হিসাবে পরিচিত। এছাড়া, অন্যান্য প্রাসঙ্গিক নীতিসমূহ হলো: ন্যাচারাল হ্যাবিট্যাটস (ওপি- ৪.০৪) এবং ফিজিক্যাল কালচার্যাল রিসোর্স (ওপি- ৪.১১)। বিশ্ব ব্যাংকের শ্রেণীবিন্যাস অনুযায়ী প্রকল্পের ধরণ, অবস্থান, সংবেদনশীলতা এবং সম্ভাব্য পরিবেশগত প্রভাব, প্রকৃতি ও মাত্রার বিচারের ওপর ভিত্তি করে প্রকল্প সমূহকে প্রধানত তিনটি শ্রেণীতে (এ, বি, ও সি) ভাগ করা হয়।

বিশ্ব ব্যাংকের শ্রেণীবিন্যাস অনুযায়ী, শ্রেণী -সি ভূক্ত প্রকল্প সমূহ সাধারণত বিরূপ প্রভাব মুক্ত। শ্রেণী -এ ভূক্ত প্রকল্প সমূহে সাধারণত পরিবেশগত বিরূপ প্রভাব রয়েছে এবং এক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থার একটি EIA করার আবশ্যিকতা রয়েছে। অধিকাংশ ক্ষেত্রে, শ্রেণী - বি ভূক্ত প্রকল্প সমূহ হতে সৃষ্ট প্রভাব সমূহ স্বল্পমাত্রায় স্থানীয় পরিসরে পরিলক্ষিত হয় বিধায় সহজে প্রশমন করা সম্ভব। বি শ্রেণীর প্রকল্পের জন্য একটি প্রাথমিক পরিবেশগত পরীক্ষা (IEE) করা প্রয়োজন।

PPSIP কার্যক্রমে বড় আকারের অবকাঠামো নির্মাণ (যেমন: বহুতল ভবন নির্মাণ, স্যানিটারি ল্যান্ডফিল, বৃহদাকারের তরল বর্জ্য শোধনাগার, গুরুত্বপূর্ণ মহাসড়ক বা বাঁধ নির্মাণ) হবে না বিধায় উল্লেখযোগ্য মাত্রায় পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে না। PPSIP'র উপ-প্রকল্প সমূহ সীমিত থেকে মাঝারী ধরণের বিরূপ প্রভাব ফেলতে পারে; যা পরিবেশগত ক্ষীণিং এর মাধ্যমে সনাক্ত করতঃ পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা (EMP) প্রণয়নের মাধ্যমে প্রশমন যোগ্য। এ প্রকল্পে নির্মাণ/পুনর্বাসন কাজ হতে সৃষ্ট অপেক্ষাকৃত সীমিত ক্ষেত্রের নেতিবাচক পরিবেশগত প্রভাব বিবেচনা করা হয়। পরিবেশগত প্রভাব মূল্যায়নে PPSIP'র উপ-প্রকল্প সমূহকে সামগ্রিকভাবে শ্রেণী-বি ভূক্ত করা হয়েছে। সম্ভাব্য পরিবেশগত প্রভাব, প্রকৃতি এবং মাত্রার বিবেচনায় PPSIP'র উপ-প্রকল্প সমূহের পরিবেশগত মূল্যায়ন নিম্নরূপঃ

ছক - ১: PPSIP'র উপ-প্রকল্প সমূহের শ্রেণীবিন্যাস

উপ-প্রকল্প সমূহ	কার্যক্রম	নেতিবাচক প্রভাব	বাংলাদেশ সরকারের পরিবেশ বিধিমালা অনুযায়ী EA শ্রেণী	বিশ্ব ব্যাংকের পরিবেশ সংরক্ষণ নীতি অনুযায়ী EA শ্রেণী	PPSIP'র পরিবেশগত মূল্যায়নে EA শ্রেণী
হাউজিং	আংশিক/দীর্ঘ স্থায়ী একক বাড়ি	ভূমি প্রস্তুতি ও নির্মাণ কাজে জলাবদ্ধতা, শব্দ দূষণ, যানজট, বায়ু ও পানি দূষণ হতে পারে	উল্লেখ নেই	বি	IEE
	কম্প্যাক্ট বহুতল ভবন		কমলা-বি	বি	IEE
	ইন-সিটু আপগ্রেডিং এর জন্য ভূমি প্রস্তুতি ও ঐচ্ছিক পুনর্বাসনের জন্য ভূমি পুনরুদ্ধার	শৌচাগার ধ্বংস বা পরিত্যক্ত অবকাঠামো থেকে স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকি	উল্লেখ নেই	বি	IEE
সড়ক	পথ	রাস্তা নির্মাণে বায়ু, পানি, মাটি এবং শব্দ দূষণ হতে পারে	উল্লেখ নেই	বি	
	সংযোগ রাস্তা		কমলা-বি	বি	IEE
পানি সরবরাহ	নলকূপ স্থাপন বা পৌর সংযোগ হতে পানি সরবরাহ	নলকূপ স্থাপন বা পাইপলাইন নির্মাণে বায়ু, পানি, মাটি ও শব্দ দূষণ হতে পারে। ভূ গর্ভস্থ পানির স্তর নিচে নামা সহ পানির স্তর দূষিত হতে পারে	উল্লেখ নেই	বি	IEE
শৌচাগার	পোর ফ্লাশ পায়খানা	দূর্বল ডিজাইনের টয়লেট এর কারণে তরল বর্জ্য নির্গমনে বায়ু, পানি ও মাটি দূষিত হতে পারে	উল্লেখ নেই	বি	IEE
গণ শৌচাগার	পোর ফ্লাশ পায়খানা		কমলা-বি	বি	IEE
কঠিন বর্জ্য ব্যবস্থাপনা	গৃহস্থালীর বর্জ্য সংগ্রহ ও ময়লা রাখার পাত্রের অস্থায়ীভাবে সংরক্ষণ	নকশা সঠিক না হলে SWM ঠিকমতো কাজ করবে না। এতে করে কঠিন বর্জ্য ড্রেন বন্ধ হয়ে যেতে পারে। ফলশ্রুতিতে বায়ু, পানি ও মাটি দূষিত হতে পারে	উল্লেখ নেই	বি	IEE
বহুমুখী কমিউনিটি ভবন	সভা ও বিভিন্ন সেবার জন্য ছোট ভবন ব্যবহার	ভূমি প্রস্তুতি ও নির্মাণ কাজে জলাবদ্ধতা, শব্দ দূষণ, যানজট, বায়ু ও পানি দূষিত হতে পারে	উল্লেখ নেই	বি	IEE
জন সচেতনতা ও প্রশিক্ষণ	পরিবেশ ব্যবস্থাপনার ওপর প্রশিক্ষণ	পরিবেশ ব্যবস্থাপনার ওপর প্রশিক্ষণ ও সচেতনতামূলক কর্মসূচী ইতিবাচক প্রভাব তৈরী করবে	উল্লেখ নেই	-	বহির্ভূত

ইএস - ৫ : পরিবেশ ব্যবস্থাপনা প্রক্রিয়া

কুমিল্লা, নারায়ণগঞ্জ, বরিশাল, সিরাজগঞ্জ ও দিনাজপুর শহরে অবস্থিত বস্তি/কমিউনিটি নির্বাচনের মাধ্যমে PPSIP'র পরিবেশ ব্যবস্থাপনা প্রক্রিয়া শুরু হবে। পরিবেশের ওপর অপরিবর্তনীয় নেতিবাচক প্রভাব ও ক্ষতি এড়ানোর জন্য PPSIP নিম্নলিখিত নেতিবাচক বিষয় সমূহ গুরুত্বের সাথে বিবেচনা করবে:

- স্থানীয় ও জাতীয় পর্যায়ের স্বীকৃত এবং সুরক্ষিত প্রাকৃতিক এলাকার ১ কিলোমিটারের মধ্যে কোন প্রকার উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করা হবে না;
- প্রকৃতিক আবাসস্থল সমূহ স্থায়ীভাবে রূপান্তরের প্রয়োজনে যে কোন ধরনের কার্যক্রম (যখন প্রকৃতিক আবাসস্থল ও ভূমির বন্ধুরতা সংকটপূর্ণ হয়; জলে বা স্থলে বসবাসরত স্থানীয় উদ্ভিদ ও প্রাণী প্রজাতি'র প্রাকৃতিক আবাসস্থল প্রভাবান্বিত হয়) গ্রহণ হতে বিরত থাকবে;

- ভূমি উদ্ধার, যেমন জলাভূমি নিষ্কাশন (প্রাকৃতিক জলাশয়/বিল/বাওড়/হাওড় ইত্যাদি) বা জলাশয় ভরাটের মাধ্যমে ডাঙ্গা জমি তৈরী;
- প্রত্নতাত্ত্বিক ও ঐতিহাসিক স্থানসহ স্থানীয় সাংস্কৃতির ওপর বিরূপ প্রভাব পড়ে এরূপ কর্মকান্ড গ্রহণ;
- বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনা ও নিষ্পত্তি, যেমন উৎপাদন, পরিবহন এবং বিস্মাজ ও ঝুঁকিপূর্ণ পদার্থ ব্যবহার (অল্প পরিমানের দ্রাবক, degreasing উপকরণ, রং, জ্বালানির মত নির্মাণ সামগ্রী ব্যতীত);

প্রকল্প এলাকার বৈশিষ্ট্য, স্থানীয় সম্প্রদায়ের মতামত, প্রযুক্তি ও পরিবেশগত বিষয়াদি সর্বাধিক গুরুত্ব দিয়ে PPSIP'র কার্যক্রম চূড়ান্ত করা হবে। উল্লেখযোগ্য, দীর্ঘমেয়াদী ও অপরিবর্তনীয় নেতিবাচক প্রভাব পড়ে এরূপ কোন কার্যক্রম এই প্রকল্প সুপারিশ করবে না। নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ PPSIP'র অর্থায়নে বিবেচিত হবে না:

- আঞ্চলিক ও জাতীয় সড়ক/মহাসড়ক নির্মাণ, পুনঃনির্মাণ ও সম্প্রসারণ।
- বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ।
- জাতীয় মানদণ্ডের (বর্তমানে ৫০ ppb) অতিরিক্ত আর্সেনিক দূষিত নলকূপ স্থাপন। ব্যাকটেরিয়া সংক্রামিত বা তৎ বৈশিষ্ট্যের সম্ভাবনায়ুক্ত পানীয় জল ব্যবহারের জন্য উপযুক্ত নয় এরূপ পানি সরবরাহ প্রকল্প।
- শিল্প/কলকারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য নতুন ল্যান্ডফিল সাইট নির্মাণ বা উন্নয়ন।
- স্বীকৃত ও সুরক্ষিত এলাকার ১ কিলোমিটারের মধ্যে পানি নিষ্কাশন নালা বা নিষ্কাশন ব্যবস্থা নির্মাণ বা সম্প্রসারণ।
- কোন প্রকার অস্বাস্থ্যকর শৌচাগার নির্মাণ করা হবে না। উপরন্তু, বৃহৎ আকারের “নি:সৃত বর্জ্য শোধনাগার” স্থাপন, CETPs, ইত্যাদিও বিবেচিত হবে না।
- বন্যা নিয়ন্ত্রন বাঁধ, নর্দমার ময়লা জল সংশোধন, কৃষি পানি নিষ্কাশন বা অন্যান্য কর্মকান্ড যা জলাভূমি বা প্রাকৃতিক জলপ্রবাহের ওপর বিরূপ প্রভাব ফেলে এরূপ কার্যক্রম।

ইএস - ৬ : উপ-প্রকল্প বাস্তবায়নে পরিবেশগত মূল্যায়ন (Environmental Assessment)

উপ-প্রকল্পের নকশা ও বাস্তবায়নের জন্য পরিবেশগত মূল্যায়ন বাধ্যতামূলক। সম্ভাব্য নেতিবাচক প্রভাব এবং প্রশমন ব্যবস্থা সনাক্ত করার জন্য PPSIP দুইটি পর্যায়ের পরিবেশগত মূল্যায়ন অনুসরণ করবে।

ক) পরিবেশগত বাছাই (স্ক্রীনিং)

খ) প্রাথমিক পরিবেশগত পরীক্ষা (IEE)/ পরিবেশগত প্রভাব মূল্যায়ন (EIA)

উপ-প্রকল্প সমূহের পরিবেশগত স্ক্রীনিং এর মাধ্যমে PPSIP'র পরিবেশগত মূল্যায়ন শুরু হবে। উপ-প্রকল্প সমূহ বাস্তবায়নের ক্ষেত্রে IEE অথবা EIA প্রয়োজন হবে কি না তা নির্ধারণ করা হবে পরিবেশগত এ স্ক্রীনিং এর মাধ্যমে। সম্ভাব্য বিরূপ প্রভাব মূল্যায়নের লক্ষ্যে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ পরিবেশগত স্ক্রীনিং পরিচালনা করবে।

সাধারণতঃ প্রকল্পের কার্যক্রম সমূহে যখন সীমিত বিরূপ প্রভাব থাকে; তখন প্রভাব নিরূপনের জন্য IEE সুপারিশ করা হয়। IEE'র প্রধান কার্যক্রম হল: (১) প্রস্তাবিত উপ-প্রকল্পসমূহের প্রভাব মূল্যায়নের জন্য প্রস্তাবিত এলাকার একটি পরিবেশগত বেসলাইন প্রস্তুত করা; (২) নির্মাণ ও অপারেশন পর্যায়ে প্রকল্পের মূল কার্যক্রমের প্রভাব পরিমাপ ও মূল্যায়ন; (৩) প্রশমন ও বর্ধিতকরণ ব্যবস্থাসহ পরিবেশগত অনুশীলন কোড (ECOP) সনাক্ত করা; এবং (৪) বাস্তবায়নকালে পরিবেশ পর্যবেক্ষণের জন্য দায়িত্ব ও প্রাক্কলন সন্নিবেশিত একটি পরিবেশ ব্যবস্থাপনার পরিকল্পনা প্রণয়ন। মূলত, গুরুতর বিরূপ প্রভাবের ক্ষেত্রে EIA পরিচালিত হবে; যেমন পুনর্বাসন কাজে উল্লেখযোগ্য পরিমান মাটি ভরাটের প্রয়োজন হলে, EIA এর জন্য সুপারিশ করা হবে।

ইএস - ৭ : প্রভাব মূল্যায়ন (Assessment of Impacts)

PPSIP বাস্তবায়নে উল্লেখযোগ্য নেতিবাচক প্রভাব এড়ানো বা রোধ করার জন্য পরিবেশগত স্ক্রিনিং এবং প্রাথমিক পরিবেশগত পরীক্ষা করা হবে। যদিও এ প্রকল্পে সীমিত পরিসরে কার্যক্রম পরিচালিত হবে, কাজেই সে সাপেক্ষে স্থানীয় পরিসরে পরিবেশগত কিছু বিষয়ে উদ্বেগ রয়েছে। প্রয়োজনীয় নকশা, যথাযথ প্রশমন ব্যবস্থা, পরিকল্পনা ও বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে পরিবেশগত কোড (ECoP) অনুসরণের দ্বারা এ প্রকল্পের নেতিবাচক প্রভাব এড়ানো বা রোধ করা সম্ভব হবে। সম্ভাব্য পরিবেশগত প্রভাব ও সংশ্লিষ্ট প্রশমন ব্যবস্থার একটি তালিকাসহ ECoP ছক -২ এ দেখানো হলো।

প্রকল্প ভূক্ত কোন নির্বাচিত বস্তি এলাকা আপগ্রেডিং এর জন্য সাইট তৈরী অত্যন্ত গুরুত্বপূর্ণ। সাইট তৈরীর অংশ হলো বিদ্যমান দুর্বল অবকাঠামো ধ্বংসকরণ ও অপসারণ, জরিপ পরিচালনা, মাটি ভরাট এবং উঁচু নিচু জায়গা সমতলকরণ। এছাড়া ঐচ্ছিক পুনর্বাসন কার্যক্রমের ক্ষেত্রে বিদ্যমান বস্তি পুনরুদ্ধার অপরিহার্য; যদিও সাইট প্রস্তুতির ক্ষেত্রে এ প্রকল্প প্রয়োজনীয় কার্যভার গ্রহণ করবে।

ছক -২: পরিবেশগত প্রভাব এবং সংশ্লিষ্ট প্রশমন ব্যবস্থা

উপ-প্রকল্প/কর্মকাণ্ড	পরিবেশগত প্রভাব	প্রস্তাবিত প্রশমন ব্যবস্থা/উন্নত বৈশিষ্ট্য/ পরিবেশগত অভিসন্ধির বিবেচ্য বিষয়
নির্বাচিত বস্তি বা কমিউনিটি এলাকার স্থান/ভূমি প্রস্তুত করণ		
<ul style="list-style-type: none"> বিদ্যমান ক্রেটিপূর্ণ অবকাঠামো ধ্বংসকরণ ভূমি সংস্কার ধ্বংসাবশেষ অপসারণ মাটি ভরাট/ ভূমির উচ্চতা বৃদ্ধি 	<ul style="list-style-type: none"> বিদ্যমান বা পাশ্চাত্য এলাকার অবকাঠামোগত সুবিধা ও সামাজিক কর্মকাণ্ড ব্যহত হওয়া খুচরা ব্যবসায়ীর সাময়িক উপার্জনের ব্যঘাত হওয়া উন্নয়নের জন্য পুরানো অবকাঠামো ধ্বংসকরণ ও ক্যাম্প নির্মাণে অস্বাস্থ্যকর/নোংরা পরিবেশ সৃষ্টি ভূমি ক্ষয়/ ধুলার সৃষ্টি/ পলি জমা/ পানি দূষণ গাছপালা ধ্বংস হওয়া ধ্বংসাবশেষ পরিবহনের জন্য যানজট সৃষ্টি উঁচু নিচু জমির সমতা আননের ফলে সৃষ্ট ভূমিক্ষয় 	<ul style="list-style-type: none"> নির্মাণ কাজে স্থানীয় জনগণের অংশগ্রহণ টয়লেট এর ধ্বংসাবশেষ পরিবহন/ব্যবস্থাপনায় স্বাস্থ্যকর পদ্ধতি অনুসরণ সঠিকভাবে কালভার্ট এর নকশা প্রণয়ন উঁচুকৃত জমির মাটি মজবুত/ আঁটসাঁট বৃদ্ধি করা, পানি ছিটানো বস্তির সীমানা/ রাস্তার ঢাল/ খোলা জায়গায় বৃক্ষ রোপন যানজট এড়াতে উপযুক্ত জায়গায় নির্মাণ যন্ত্রপাতি স্থাপন এবং মাটির আঁটসাঁট বৃদ্ধি করা মনোনীত ডাম্পিং এলাকায় নির্মাণ কাজের ধ্বংসাবশেষ হস্তান্তর খোলা জায়গায় মলত্যাগ বন্ধ করার জন্য সামাজিক সচেতনতা সৃষ্টি এবং স্বাস্থ্যসম্মত শৌচাগার নির্মাণ
উপ-প্রকল্পের নকশা, নির্মাণ এবং অপারেশন		
<ul style="list-style-type: none"> আবাসন (আংশিক স্থায়ী একক বাড়ি - পায়ে হেঁটে উঠা এপার্টমেন্ট) বহুমুখী কমিউনিটি ভবন 	<ul style="list-style-type: none"> নির্মাণ কাজ থেকে সৃষ্ট কোলাহল ও দূষণ বসত গৃহ নির্মাণের সময় নির্মাণ ছাউনি হতে সৃষ্ট বর্জ্য গৃহস্থালির পানীয় বর্জ্য অপরিষ্কৃতভাবে নিঃসরণে সৃষ্ট পানি দূষণ গৃহস্থালির কঠিন বর্জ্য অপসারণে অ-ব্যবস্থাপনা নিষ্কাশন সমস্যা/জলাবদ্ধতা ইট ও সিমেন্ট এর অধিক চাহিদার জন্য জীবাশ্ম জ্বালানি ও কাঠের ওপর নির্ভরশীল হওয়ায় বনাঞ্চল/হ্রাসসহ বায়ু দূষণ সৃষ্টি 	<ul style="list-style-type: none"> স্থানীয় নির্মাণ সামগ্রীর ব্যবহার ছাদের উপরিভাগে বাগান করা বা ছোট গাছ লাগানোর মাধ্যমে অতিরিক্ত তাপমাত্রা কমানো যেতে পারে পানীয় বর্জ্য নিষ্কাশনের ব্যবস্থা করা স্বাস্থ্য সম্মত টয়লেট এর সংস্থান রাখা দুর্যোগপূর্ণ সময়ের জন্য আশ্রয় স্থলের ব্যবস্থা রাখা বৃষ্টির পানি সংগ্রহের ব্যবস্থা বিবেচনা করা বিদ্যুৎ সরবরাহের জন্য সৌর (সোলার) প্যানেল বিবেচনা করা ন্যাশনাল বিল্ডিং কোড অনুযায়ী অগ্নি নিরাপত্তার পর্যাপ্ত ব্যবস্থা রাখা (অগ্নি/জরুরী বের হবার পথ সহ)

উপ-প্রকল্প/কর্মকাণ্ড	পরিবেশগত প্রভাব	প্রস্তাবিত প্রশমন ব্যবস্থা/উন্নত বৈশিষ্ট্য/ পরিবেশগত অভিসন্ধির বিবেচ্য বিষয়
পানি সরবরাহ (নলকূপ/পৌর পানি সরবরাহ লাইন)	<ul style="list-style-type: none"> জলাবদ্ধতা/নিষ্কাশন সমস্যা সৃষ্টি অতিরিক্ত ভূগর্ভস্থ পানি উত্তোলনের ফলে পানিস্তর নিচে নেমে যাওয়া অতিরিক্ত পাম্পিং এর ফলে ভূমি ধস ও লবণাক্ততা বৃদ্ধি আর্সেনিক দূষণ বা পানির গুণমান হ্রাস পাওয়া 	<ul style="list-style-type: none"> যথাযথ নির্গম-পথ এর ব্যবস্থা রেখে নর্দমা/ড্রেনের নকশা প্রণয়নসহ নির্মাণ কাজ সম্পন্ন করা পানি ব্যবহারের দক্ষতা বৃদ্ধি/চাহিদা নিরূপনে জন সচেতনতা সৃষ্টি ভূ-গর্ভে পানি রিচার্জ সহজতর করার লক্ষ্যে প্রাকৃতিক ব্যবস্থা সমূহ অখণ্ন রাখা পানি পরিশ্রাবণ/জল প্রক্রিয়াকরণ/ বৃষ্টির পানি সংগ্রহের ব্যবস্থা দূষণ ও জলাবদ্ধতা এড়াতে সঠিক নকশা অনুসরণ করে মাটি খনন করা
শৌচাগার (ফ্লাশ, পাইপ ড্রেন বা সেপটিক ট্যাংক সন্নিবেশিত একক/ কমিউনিটি পায়খানা)	<ul style="list-style-type: none"> নির্মাণ কাজ থেকে সৃষ্ট শব্দ ও মাটি দূষণ পিট ল্যাট্রিন থেকে ভূ-গর্ভস্থ পানিতে জীবাণু সংক্রামিত হওয়া সেপটিক ট্যাংক পরিষ্কারকালে বর্জ্য নিঃসরণ হওয়া তীব্র কটু গন্ধ সৃষ্টি 	<ul style="list-style-type: none"> ভূ-গর্ভস্থ পানিতে জীবাণুর সংক্রামন প্রতিরোধে কার্যকরী ডিজাইন এবং স্যানিটারি ল্যাট্রিন স্থাপন পর্যাপ্ত উচ্চতা ও বায়ু চলাচলের উপযুক্ত ব্যবস্থা রাখা পানি সরবরাহ ও হাত ধোয়ার সুবিধাদি রাখা নিয়মিত পরিষ্কার এবং পর্যবেক্ষণ
ড্রেন/ নিষ্কাশন ব্যবস্থা	<ul style="list-style-type: none"> বৃষ্টির পানি প্রবাহে ড্রেনের গতি রোধ/আটকে যাওয়া ড্রেনের বিপরীতমুখী পানি প্রবাহ (নির্গম-পথ সংযুক্ত ভাটি এলাকায় অবস্থিত নদী/খালে পানির উচ্চ স্তর থাকলে) ড্রেন হতে নিঃসৃত বর্জ্য ভাটি এলাকায় অবস্থিত জলাধার সমূহ দূষিত হওয়া 	<ul style="list-style-type: none"> শ্রোতবরাবর নির্গমদ্বার এর ব্যবস্থা রেখে নর্দমা/ড্রেনের নকশা প্রণয়ন পর্যাপ্ত ঢাল, ক্রস-সেকশন ও প্রয়োজনীয় RCC ঢাকনার ব্যবস্থা রাখাসহ ড্রেনের নকশায় নিম্নমুখী নির্গম ক্ষেত্র বিবেচনা করা স্যানিটেশন সুবিধাদি থেকে ড্রেনে সরাসরি সংযোগ না দেওয়া
ফুটপাথ/ সংযোগ রাস্তা	<ul style="list-style-type: none"> কৃষি ও আবাসন জমি হ্রাস পাওয়া নির্মাণ কাজ থেকে সৃষ্ট ধূলা ও শব্দ দূষণ রাস্তা নির্মাণে পানি প্রবাহে বাঁধা ও সৃষ্ট জলাবদ্ধতা ভূমি ক্ষয়/ জলাধারে পলি জমায় পানি ধারণ ক্ষমতা হ্রাস পাওয়া নতুন নতুন রাস্তা নির্মাণে প্রাকৃতিক নিষ্কাশন ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হওয়া ট্রাফিক ও পরিবহন থেকে দুর্ঘটনার ঝুঁকি 	<ul style="list-style-type: none"> মাটির আঁটসাঁট বৃদ্ধি রাস্তা পৃষ্ঠের যথাযথ ঢাল রাখা ধুলো প্রতিরোধে পানি ছিটানো সাংস্কৃতিক বা ঐতিহাসিক স্থানের ক্ষতি হতে পারে এরূপ স্থানে রাস্তা ও পরিবহন সুবিধাদি না দেওয়া নিষ্কাশন সমস্যা/জলাবদ্ধতা এড়াতে উপযুক্ত ডিজাইনের মাধ্যমে ড্রেন এবং কালভার্ট নির্মাণ অগ্নিকান্ড থেকে সুরক্ষার জন্য রাস্তার প্রশস্ততা বৃদ্ধি ও উন্নয়ন করা
কঠিন বর্জ্য ব্যবস্থাপনা	<ul style="list-style-type: none"> অ-সংগৃহীত বর্জ্যের মাধ্যমে নর্দমা ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা বাঁধাগ্রস্ত হওয়া বর্জ্য সংগ্রহের সময় বায়ু, পানি ও মাটি দূষিত হওয়া অ-সংগৃহীত বর্জ্য খোলা স্থানে পোড়ানোর ফলে ধোঁয়ার সৃষ্টি হওয়া ট্রান্সফার স্টেশনে বর্জ্য লোড এবং আনলোডের কারণে বায়ু ও মাটি দূষিত হওয়া বর্জ্য নিষ্পত্তি সাইট এবং কম্পোস্টিং সিস্টেম থেকে তীব্র কটু গন্ধ সৃষ্টি লিকেট এর ফলে ভূ-গর্ভস্থ পানি সংক্রামিত হওয়া 	<ul style="list-style-type: none"> বর্জ্য হ্রাসকরণ, পুনঃব্যবহার ও রিসাইক্লিং উৎসাহিত করা রান্নাঘরের বর্জ্য কম্পোস্টিং এর জন্য উৎসাহিত করা ময়লা রাখার পাত্র নির্মাণ/ সরবরাহ করা জলাশয় ও ময়লা রাখার পাত্রের মধ্যে নিরাপদ দূরত্ব বজায় রাখা বর্জ্য সংগ্রহের স্থান এবং বসতবাড়ির মধ্যে নিরাপদ দূরত্ব রাখা উচিত গৃহস্থলীর বর্জ্য, মনোনীত ডাম্পিং সাইটে নিষ্পত্তির লক্ষ্যে পৌরসভা/সিটি কর্পোরেশনের সাথে সমঝয় রাখা

ইএস - ৮ : পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা (EMP)

উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের একটি অবিচ্ছেদ্য অংশ হলো পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা। প্রকল্পের সকল কার্যক্রম বিবেচনা করে একটি পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করা হবে। বাস্তবায়ন পর্যায়ের চিহ্নিত পরিবেশগত সমস্যা প্রশমনের নির্দেশনা ও থাকবে এ EMP'তে। পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা'র প্রধান উপাদান হলো: প্রশমন ও উন্নতিকরণ ব্যবস্থা, পরিবেশগত অনুশীলন কোড, পরিবেশগত মূল্যায়ন খরচ এবং বাস্তবায়নের জন্য পরিবেশগত মনিটরিং ও প্রাতিষ্ঠানিক ব্যবস্থা। ছক -২, PPSIP'র সম্ভাব্য প্রশমন ব্যবস্থার পাশাপাশি ECoP সুপারিশ করে।

ইএস - ৯ : পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা'র প্রাক্কলন

NHA'র পরিবেশ বিশেষজ্ঞ পরিবেশ ব্যবস্থাপনা ও উন্নয়নের জন্য প্রাক্কলন তৈরী করবে এবং দরপত্রে তা সংযুক্ত করবে। EMP'র বেশ কিছু কার্যক্রম সরাসরি খরচের সাথে সম্পর্কিত নয়, যেমন: প্রয়োজ্য ক্ষেত্রে স্থানীয় কর্মীবাহিনী, সক্রিয় যানবাহন স্থাপন, বিটুমিন গলানোর কাজে জ্বালানী কাঠ ব্যবহার নিষিদ্ধসহ অন্যান্য বিষয়াদি। অপরদিকে, কিছু কিছু কার্যক্রমের জন্য অতিরিক্ত খরচের প্রয়োজন। এ সংক্রান্ত সম্ভাব্য খরচের তালিকা ছক - ৩ এ দেখানো হলো। উদাহরণ স্বরূপ, নির্মাণ ও অপারেশন পর্যায়ে পরিবেশগত পর্যবেক্ষণের জন্য প্রত্যক্ষ খরচ। একইসাথে, প্রশমন ব্যবস্থার (স্বাস্থ্য ও নিরাপত্তা ব্যবস্থাসহ) জন্য অতিরিক্ত অর্থ প্রয়োজন হবে; যেমন: সেপটিক ট্যাংক/স্যানিটারি পায়খানা নির্মাণ, স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত নির্দেশনা স্থাপন, সচেতনতা মূলক পোস্টার/সাইন বোর্ড তৈরী, ধূলা রোধে পানি ছিটানো, বৃক্ষ রোপন এবং প্রতিরক্ষামূলক সাজ-সরঞ্জাম সরবরাহ।

ছক -৩: পরিবেশ ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ খরচ

কার্যক্রম/প্রশমন/বৈশিষ্ট্য/প্রশিক্ষণ	একক/মাত্রা	একক মূল্য (টাকা)	মোট খরচ (টাকা)	অর্থের উৎস	দায়িত্ব
বিরূপ প্রভাব প্রশমন ও পরিবেশ উন্নয়ন					
জলাধার পুনঃখনন	জন দিন	৩০০	৩,০০,০০০	PPSIP	পিএমইউ, ঠিকাদার
ভূ-পৃষ্ঠভাগের পানি পরিশোধনের জন্য PSF নির্মাণ	প্রতিটি PSF	১,০০,০০০	৫,০০,০০০	PPSIP	পিএমইউ, ঠিকাদার
প্রকল্প মেয়াদকালীন PSF রক্ষণাবেক্ষণ	প্রতিটি PSF	২০০	৫০,০০০	PPSIP	পিএমইউ, বস্তি বাসিন্দা
বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা	স্থাপন খরচ	১০,০০০	৫,০০,০০০	PPSIP	পিএমইউ, ঠিকাদার
স্থানীয় প্রজাতির ঔষধি ও কাঠের গাছ রোপন	প্রতিটি সাইট	১,০০,০০০	৫,০০,০০০	PPSIP	পিএমইউ, ঠিকাদার ও বস্তি বাসিন্দা
নিষ্কাশনের জন্য 4.50x3.00m RCC বক্স কালভার্ট নির্মাণ	প্রতিটি	৫০,০০০	৫,০০,০০০	PPSIP	পিএমইউ, ঠিকাদার
খুঁড়া মাটিতে নিয়মিত পানি ছিটানো	জন দিন	৩০০	১,০৯,৫০০	PPSIP	পিএমইউ, বস্তি বাসিন্দা
পরিবেশগত সচেতনতা ও প্রশিক্ষণ					
পরিবেশগত সচেতনতা	সেশন সংখ্যা	১০,০০০	৫০,০০০	PPSIP	পিএমইউ, বস্তি বাসিন্দা ও পরামর্শক
পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা প্রশিক্ষণ	প্রতিটি	১০,০০০	৫০,০০০	PPSIP	পিএমইউ, পরামর্শক
পরিবেশগত মূল্যায়ন ও পর্যবেক্ষণের ওপর প্রশিক্ষণ	সেশন	৫০,০০০	২,৫০,০০০	PPSIP	পিএমইউ, পরামর্শক
পরিবেশ ব্যবস্থাপনা কাঠামোর ওপর প্রশিক্ষণ	সেশন	৫০,০০০	২,৫০,০০০	PPSIP	পিএমইউ, পরামর্শক
পরিবেশগত উদ্বেগ (Concern) ও পর্যবেক্ষণের ওপর প্রশিক্ষণ	সেশন	৫০,০০০	২,৫০,০০০	PPSIP	পিএমইউ, পরামর্শক
পরিবেশগত মূল্যায়ন ও অডিট					
পরিবেশগত অডিট (Audit)/EIA	গবেষণা প্রতি	১৫,০০,০০০	১৫,০০,০০০	PPSIP	পিএমইউ

কার্যক্রম/প্রশমন/বৈশিষ্ট্য/প্রশিক্ষণ	একক/মাত্রা	একক মূল্য (টাকা)	মোট খরচ (টাকা)	অর্থের উৎস	দায়িত্ব
পরিবেশগত মূল্যায়ন (Monitoring)	জন দিন	১,৫০০	৭৫,০০০	PPSIP	পিএমইউ, বস্তি বাসিন্দা, পরামর্শক ও ঠিকাদার
পানির গুণগত মান পর্যবেক্ষণ (PH, turbidity, hardness, Cl, TDS, Mn, As, Fe, TC, FC)	নমুনা প্রতি	৮,৪০০	৪২,০০০	PPSIP	পিএমইউ, পরামর্শক
বায়ুর মান পর্যবেক্ষণ (SPM, PM10)	নমুনা প্রতি	১৬,০০০	৮০,০০০	PPSIP	পিএমইউ, পরামর্শক
শব্দ মাত্রা পর্যবেক্ষণ Equivalent noise level (dBA), Leq, Max Noise level (dBA), Lmax)	নমুনা প্রতি	২১,৫০০	১,০৭,৫০০	PPSIP	পিএমইউ, পরামর্শক

ইএস - ১০ : পরিবেশগত পর্যবেক্ষণ (Monitoring)

উপ-প্রকল্প সমূহ বাস্তবায়নে পরিবেশগত পর্যবেক্ষণ একটি নিয়মতান্ত্রিক (পরিকল্পনা, বাস্তবায়ন ও অপারেশন) ব্যবস্থা; এতে প্রশমন ব্যবস্থার দ্বারা পরিবেশগত উদ্বেগসমূহ সুরাহা, পরিবেশগত সম্পদের সুরক্ষা ও মান ফুটিয়ে তোলা সম্ভব হয়। অত্র প্রকল্পের পরিবেশগত পর্যবেক্ষণ এর জন্য দায়িত্বশীল ব্যক্তি ও প্রতিষ্ঠান হলো জাতীয় গৃহায়ন অধিদপ্তরের পরিবেশ বিশেষজ্ঞ, আরবান রিসোর্স সেন্টার (সিআরসি)/ কন্সাল্টেন্টস, সিটি কর্পোরেশন/পৌরসভা ও কমিউনিটি সমূহ। প্রকল্প বাস্তবায়নকালে তিন ধরনের পর্যবেক্ষণ করা হবে: ১) Compliance ২) সম্প্রদায় এবং ৩) প্রভাব পর্যবেক্ষণ।

Compliance পর্যবেক্ষণ এর মাধ্যমে নকশা প্রস্তুতকালে পরিবেশগত কোড অনুসরণ করা হয়েছে কিনা এবং তৎ-অনুযায়ী বাস্তবায়িত হচ্ছে কিনা, NHA তা যাচাই করবে। কমিউনিটি পর্যবেক্ষণ প্রকল্প এলাকায় বসবাসরত বাসিন্দা বা সম্প্রদায়ের দ্বারা পরিচালিত হবে। স্থানীয় বাসিন্দা বা সম্প্রদায় নির্মাণকালীন এবং নির্মাণ পরবর্তী বিভিন্ন পরিবেশগত বিষয়সমূহ পর্যবেক্ষণ করবে, যা দুটি সুনির্দিষ্ট বিষয়কে আওতায় আনবে ১) প্রশমন ব্যবস্থার Compliance ২) PPSIP হস্তক্ষেপের কার্যকারিতা। জাতীয় গৃহায়ন অধিদপ্তর এবং প্রয়োজনে অন্য উপযুক্ত কর্তৃপক্ষ প্রকল্প চলাকালীন প্রভাব পর্যবেক্ষণ করবে এবং কাজিত লক্ষ্য পূরণে NHA বস্তি এলাকা উন্নয়নের সার্বিক কর্মকান্ড পরীক্ষা করবে।

ছক -৪: পরিবেশগত পর্যবেক্ষণ পদ্ধতি

কর্মকান্ড/ পর্যবেক্ষণের বিষয়	পর্যবেক্ষণ এলাকা	পর্যবেক্ষণ সূচক	পর্যবেক্ষণের ধরণ	দায়িত্ব
আবাসন ও কমিউনিটি কমপ্লেক্স	প্রকল্প এলাকা	জমি ভরার উপাদান, জলাবদ্ধতা, ধুলো, বায়ু ও শব্দ দূষণ, যানবাহন, গাছপালা	Compliance, সম্প্রদায় ও প্রভাব	সিআরসি, ঠিকাদার, পৌরপ্রতিষ্ঠান, সম্প্রদায়
পানি সরবরাহ	প্রকল্প এলাকা	পানির গুণমান, আর্সেনিক, কলিফর্ম, পানির ভূ-স্তর, জলাবদ্ধতা	Compliance, সম্প্রদায় ও প্রভাব	সিআরসি, ঠিকাদার, পৌরপ্রতিষ্ঠান, সম্প্রদায়
ফুটপাথ/ রাস্তা	প্রকল্প ও পার্শ্ববর্তী এলাকা	শব্দ দূষণ, ধুলো, জলাবদ্ধতা, গর্ত	Compliance, সম্প্রদায় ও প্রভাব	সিআরসি, ঠিকাদার, পৌরপ্রতিষ্ঠান, সম্প্রদায়
কঠিন বর্জ্য ব্যবস্থাপনা	প্রকল্প ও পার্শ্ববর্তী এলাকা	সঠিকভাবে বর্জ্য নিয়ন্ত্রণ করা পরিবারের সংখ্যা, ময়লা ফেলার পাত্র থেকে কটু গন্ধ, বন্ধ নর্দমা	Compliance, সম্প্রদায় ও প্রভাব	সিআরসি, ঠিকাদার, পৌরপ্রতিষ্ঠান, সম্প্রদায়
সাংস্কৃতিক ঐতিহ্য ধ্বংস করা	প্রকল্প এলাকার ১ কি:মি: এর মধ্যে	বাস্তবায়িত এলাকার মধ্যে অবস্থিত ঐতিহ্যবাহী সাংস্কৃতিক এলাকার সংখ্যা	Compliance, সম্প্রদায় ও প্রভাব	সিআরসি, ঠিকাদার, পৌরপ্রতিষ্ঠান, সম্প্রদায়
নিষ্কাশন ব্যবস্থা	প্রকল্প ও পার্শ্ববর্তী এলাকা	নর্দমার মধ্যে কঠিন বর্জ্য, পানি প্রবাহ, নির্গম-পথ, পানি দূষণ	Compliance, সম্প্রদায় ও প্রভাব	সিআরসি, ঠিকাদার, পৌরপ্রতিষ্ঠান, সম্প্রদায়
স্যানিটেশন/ শৌচাগার	প্রকল্প এলাকা	কাঁচা/ সেমি পাঁকা পায়খানার সংখ্যা, বর্জ্য নির্গমন, পানি সরবরাহ, স্বাস্থ্য	Compliance, সম্প্রদায় ও প্রভাব	সিআরসি, ঠিকাদার, পৌরপ্রতিষ্ঠান, সম্প্রদায়

ইএস - ১১ : টেন্ডার ডকুমেন্টের জন্য বিশেষ পরিবেশগত বিধি

কিছু কিছু বিশেষ পরিবেশগত ধারা বা নির্দিষ্ট স্পেসিফিকেশন টেন্ডার ডকুমেন্টে অন্তর্ভুক্ত করা হবে। এ ধারা অন্তর্ভুক্ত করার উদ্দেশ্য, যাতে করে ঠিকাদার EMP ও অন্যান্য পরিবেশগত নিরাপত্তা ব্যবস্থা নিতে বাধ্য হয়। চুক্তি বন্ধ ঠিকাদার, উপযুক্ত কর্তৃপক্ষ বরাবর লিখিত রিপোর্ট দাখিল করবে; যাতে সাইট এর কোন দুর্ঘটনা বা অস্বাভাবিক ঘটনার লিখিত বিবরণ উল্লেখ থাকবে।

পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা: চুক্তি অনুযায়ী ঠিকাদার, EMP তে উল্লেখিত সকল পরিবেশগত বিরূপ প্রভাব প্রশমন ও বর্ধিতকরণের ব্যবস্থা (যেমন: নিষ্কাশন, যানজট, বায়ু/শব্দ/পানি দূষণ সম্পর্কিত) গ্রহণ করবে।

অস্থায়ী কাজ: ঠিকাদার, নির্মাণ কাজের জন্য ক্রটিমুক্ত সরঞ্জাম (মই, সোপান, র‍্যাম্প, ভার, উত্তোলক যন্ত্র, দ্রুত যাতায়াতের পথ, ব্যারিকেড, সরু ঢালু পথ, লিফট ইত্যাদি) সরবরাহ করবে ও প্রয়োজনীয় সুরক্ষার ব্যবস্থা করবে। কর্মরত শ্রমিক ও সাধারণ জনগণের চলাচলের জন্য পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা রাখবে।

স্বাস্থ্য ও নিরাপত্তা: ঠিকাদার, জাতীয় মানদণ্ড অনুযায়ী কর্মরত সকল কর্মচারীর স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করবে এবং বিপদ এড়ানো/হ্রাস করার লক্ষ্যে সাইটের প্রয়োজনীয় স্থানে নিরাপত্তা সংক্রান্ত নির্দেশনা স্থাপন করবে।

অধিক উচ্চতা থেকে শ্রমিক যাতে পড়ে না যায়, সে লক্ষ্যে প্রতিটি অস্থায়ী তলায় ৯০০ মিমি উচ্চতার রেলিং স্থাপন করবে। প্রত্যেক তলার গর্ভ/ফাঁকা স্থান সর্বদা রেলিং দিয়ে ঘিরে রাখবে এবং ওপরে ওঠা/নামার সিঁড়ির পাশে ৯০০ মিমি উচ্চতার রেলিং তৈরী করবে। প্রতিটি মইয়ের পাশে গার্ড রেলিং দিয়ে সুরক্ষার ব্যবস্থা করবে। প্রতিটি তলার খোলা পাশে ১.২ মিটার বা তার বেশি উচ্চতার গার্ড রেলিং রাখবে।

ঠিকাদার, শ্রমিকের জন্য সবধরনের উপযুক্ত সুরক্ষামূলক পোশাক এবং সরঞ্জাম সরবরাহসহ এর সঠিক ব্যবহার নিশ্চিত করবে। প্রয়োজনীয় ক্ষেত্রে নিরাপত্তা জাল, বেল্ট, জুতা, দড়ি সরবরাহ করবে। ঠিকাদার প্রয়োজনীয় সকল প্রাথমিক চিকিৎসার যন্ত্রপাতি, চিকিৎসা সরঞ্জাম এবং অন্যান্য সুবিধাদি প্রদানসহ সর্বদা প্রশিক্ষিত কর্মী নিয়োগ করবে।

মাটি খোঁড়া: পরিখা তৈরী কালে সর্বদা ওপরের ৩০০ - ৪৫০ মিমি খননকৃত মাটি এক পাশে সংরক্ষণ করবে এবং নিচের মাটি অপর পাশে আলাদাভাবে সংরক্ষণ করবে। ওপরের মাটি ওপরে রেখে পরিখা পুনরায় ভরাট করবে।

অপসারণ ও দূষণ: যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত ঠিকাদার সাইটের বর্জ্য, রাবিশ বা আপত্তিকর বিষয়বস্তু কোন যায়গায় ফেলবে না। একইরূপে তেল, কঠিন বস্তু, ক্ষতিকর ও ভাসমান পদার্থ কোন অবস্থাতেই জলশ্রোত বা জলাধারে নিক্ষেপ করবে না। ঠিকাদারের ব্যবহৃত গাড়ি বা যন্ত্রপাতি থেকে ছিটকে পড়া কোন বস্তু বা মলের দ্বারা পাবলিক বা প্রাইভেট রাস্তা যেন অপরিষ্কার না হয়, সে দিকে সতর্কতা অবলম্বন করবে। প্রয়োজনে দ্রুত পরিষ্কার করার ব্যবস্থা গ্রহণ করবে। ঠিকাদার সাইট অফিসে কর্মরত শ্রমিকদের জন্য স্যানিটারি পায়খানা বা ড্রামামান টয়লেট স্থাপনসহ অস্থায়ী ছাউনি তৈরী করবে। ঠিকাদার, কঠিন বর্জ্য সংগ্রহের জন্য ময়লা রাখার পাত্র সরবরাহ করবে এবং পৌরসভা বা সিটি কর্পোরেশনের সহযোগিতায় নির্দিষ্ট স্থানে সংগ্রহকৃত বর্জ্য স্থানান্তর করবে।

ইএস - ১২ : পর্যালোচনা ও অনুমোদন

নির্বাচিত বস্তির পরিপূর্ণ রিপোর্ট (পরিবেশগত স্ক্রীনিং, প্রাথমিক পরিবেশগত পরীক্ষা ও এনভারনমেন্টাল ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট) প্রাপ্তি সাপেক্ষে NHA'র পরিবেশ বিশেষজ্ঞ EMP ও প্রশমন ব্যবস্থার পর্যালোচনা যাচাই করবে। তথ্য পর্যালোচনা, মাঠ পরিদর্শন, বেসলাইন তথ্যের গুণগতমান, সম্ভাব্য প্রভাব এবং প্রশমন ব্যবস্থা মূল্যায়ন ও পর্যালোচনার মাধ্যমে অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করা হবে। অনুমোদন ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে প্রতিবেদনটি প্রকল্প পরিচালক মহোদয়ের নিকট দাখিল করবে।

ইএস - ১৩ : তৃতীয় পক্ষের মাধ্যমে পরিবেশগত অডিট সম্পন্ন করা

তৃতীয় পক্ষের মাধ্যমে স্বতন্ত্রভাবে উপ-প্রকল্প সমূহের পরিবেশগত মূল্যায়ন এবং EMP (পর্যবেক্ষণ ও প্রশমন) এর শুদ্ধতা নিরূপন করা হবে। এ কাজের জন্য, NHA একটি পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করবে। পরিবেশের ওপর প্রভাব, প্রশমন ও পর্যবেক্ষণ কার্যক্রম মূল্যায়নের নিমিত্তে এ টিমে একজন পরিবেশ বিশেষজ্ঞ নিযুক্ত থাকবে। পরামর্শক প্রতিষ্ঠানের অডিট রিপোর্টের ওপর ভিত্তি করে ও IDA'র সম্মতিক্রমে NHA প্রয়োজনীয় প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করবে।

ইএস - ১৪ : প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বিদ্যমান প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনার ওপর ভিত্তি করে প্রস্তাবিত PPSIP নির্মিত হয়। একটি দক্ষ প্রাতিষ্ঠানিক কাঠামো স্থাপন ও সঠিকভাবে বাস্তবায়নের মাধ্যমে PPSIP'র পরিবেশ সংরক্ষণ নীতি ও ব্যবস্থাপনা কার্যকরী হবে; যেখানে NHA, উপ-প্রকল্প সমূহের নকশা প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে পরিবেশগত ভারসাম্য রক্ষা করবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (PMU) সামগ্রিকভাবে পরিবেশ ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে; একইসাথে প্রশমন ব্যবস্থা, পর্যবেক্ষণ এবং নিরীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুতির কাজ করবে। পরামর্শদাতা, সিআরসি, পৌরপ্রতিষ্ঠান ও স্থানীয় সম্প্রদায়ের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে NHA এ প্রকল্প বাস্তবায়ন করবে। ছক - ৫ এ পরিবেশ সংরক্ষণ নীতি ও ব্যবস্থাপনা বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক রূপরেখা উপস্থাপন করা হল।

ইএস - ১৫ : স্বক্ষমতা বৃদ্ধি

সঠিকভাবে পরিবেশ সংরক্ষণ নীতি ও ব্যবস্থাপনা বাস্তবায়নের জন্য প্রয়োজন NHA এর স্বক্ষমতা বৃদ্ধি। NHA'র কর্মকর্তা/কর্মচারী ও প্রকল্প সংশ্লিষ্ট স্টেকহোল্ডারের প্রশিক্ষণের মাধ্যমে স্বক্ষমতা বৃদ্ধি ও পরিবেশগত সুষ্ঠু ব্যবস্থাপনা পরিচালনা করা সম্ভব হবে। কিছু গুরুত্বপূর্ণ অভ্যাসের দ্বারা স্বক্ষমতা বৃদ্ধিতে প্রকল্প কার্যক্রমে EMF এর ভূমিকা বাড়বে; যা নিম্নরূপ:

পরিবেশগত প্রভাব কমাতে উপযুক্ত এলাকা নির্বাচন, পরিবেশগত প্রভাব স্ক্রীনিং, পরিবেশগত প্রভাবের পরিধি মূল্যায়ন, যথাযথ প্রশমনের বিকল্প পরিকল্পনা এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সঙ্গে মতবিনিময়, নির্মাণ ও অপারেশনের সময়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সঙ্গে পরামর্শ এবং বাস্তবায়নের কার্যকারিতা পর্যবেক্ষণ।

মনিটরিং ও অভিযোগের প্রতিকার: পরিকল্পনা প্রণয়ন, রিপোর্টিং ও বাস্তবায়নে স্বচ্ছতা থাকা; অভিযোগ আদলে নিয়ে প্রতিকার করা; লিপিবদ্ধ রাখা। স্টেকহোল্ডারদের জন্য সুনির্দিষ্ট প্রশিক্ষণ বিবরণ ছক - ৬ তে দেখানো হয়েছে।

ছক -৫: পরিবেশ সংক্রান্ত সংরক্ষণ নীতি বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক রূপরেখা

PPSIP'র কার্যক্রম	পরিবেশ সংরক্ষণ নীতি	দায়িত্ব/ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা
বস্তু নির্বাচন	পরিবেশগত নির্ণায়ক/বৈশিষ্ট্য	পিএমইউ, সিআরসি/ পরামর্শক, NHA'র পরিবেশ বিশেষজ্ঞ, পৌরপ্রতিষ্ঠান, সম্প্রদায়
উপ-প্রকল্প নির্ধারণ	উপ-প্রকল্প সনাক্তকরণ ও বিবরণ	পিএমইউ, সিআরসি/ পরামর্শক, পৌরপ্রতিষ্ঠান, সম্প্রদায়
উপ-প্রকল্পের ডিজাইন	ইঞ্জিনিয়ারিং ডিজাইন	পিএমইউ, সিআরসি/ পরামর্শক, পৌরপ্রতিষ্ঠান
পরিবেশগত মূল্যায়ন	পরিবেশগত স্ক্রীনিং	NHA বিভাগীয় কার্যালয়, সিআরসি/ পরামর্শক, পৌরপ্রতিষ্ঠান, সম্প্রদায়
	সীমিত পরিবেশগত মূল্যায়ন (IEE)	
	পরিবেশগত প্রভাব মূল্যায়ন (EIA)	
উপ-প্রকল্প পর্যালোচনা ও নির্বাচন	পরিবেশগত প্রশমন ব্যবস্থা, পরিবেশগত কোড অনুশীলন, স্বাস্থ্য ও সুরক্ষা সম্মিলিত করা	পিএমইউ, NHA'র পরিবেশ বিশেষজ্ঞ
নির্মাণ কাজ	Compliance পর্যবেক্ষণ	Compliance: NHA বিভাগীয় কার্যালয়, সিআরসি/ পরামর্শক, পৌরপ্রতিষ্ঠান
	কমিউনিটি পর্যবেক্ষণ	কমিউনিটি গ্রুপ
অপারেশন	প্রভাব পর্যবেক্ষণ	সিআরসি/পরামর্শক, পরিবেশ বিশেষজ্ঞ, সম্প্রদায়
	পরিবেশগত অডিট	পিএমইউ, NHA'র পরিবেশ বিশেষজ্ঞ, পরামর্শক
রিপোর্টিং	ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন, মনিটরিং রিপোর্টিং	পিএমইউ, NHA'র পরিবেশ বিশেষজ্ঞ, সিআরসি/ পরামর্শক

ছক -৬: স্বক্ষমতা বৃদ্ধির জন্য প্রস্তাবিত পরিবেশ সংক্রান্ত প্রশিক্ষণ তালিকা

অংশগ্রহণকারী	প্রশিক্ষণের ধরণ	দায়িত্ব	ব্যাপ্তিকাল
কমিউনিটি অর্গানাইজেশন	পরিবেশগত সচেতনতা	পিএমইউ	১ দিন
	পরিবেশগত গুরুত্বপূর্ণ বিষয়াদি ও কমিউনিটি মনিটরিং	পিএমইউ	২ দিন
নির্মাণ শ্রমিক	পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা	ঠিকাদার	অর্ধ দিবস
পিএমইউ ও NHA এর বিভাগীয়/মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ	পরিবেশগত মূল্যায়ন ও মনিটরিং	পিএমইউ	৫ দিন
	পরিবেশ ব্যবস্থাপনা কাঠামো (EMF)		১ দিন
সিটি কর্পোরেশন/ পৌরসভার	পরিবেশগত উদ্বেগ ও পরিবেশগত মনিটরিং	পিএমইউ	১ দিন

ইএস - ১৬ : মতবিনিময় ও প্রকাশ

জনগণের সাথে মতবিনিময় ও তাদের গ্রহণযোগ্যতা যে কোন উন্নয়ন প্রকল্পের জন্য অতি গুরুত্বপূর্ণ। PPSIP'র মূল উদ্দেশ্য দরিদ্র জনগোষ্ঠীর আবাসন উন্নতিকরণ হলেও, পরিবেশগত প্রভাবসমূহ অত্যন্ত গুরুত্বের সাথে দেখা হবে। কোন এলাকার সমস্যা অবগতির জন্য মূলত স্থানীয় জনগণের অংশগ্রহণ প্রয়োজন। স্থানীয় সম্প্রদায়ের মতামতের মাধ্যমে মূল সমস্যা নিরূপনসহ প্রকৃত স্টেকহোল্ডার ও অধিক ক্ষতিগ্রস্ত গোষ্ঠী সহজে চিহ্নিত করা যায়। স্থানীয় সম্প্রদায়ের সাথে আলোচনা ও তাদের সম্মতি সাপেক্ষে প্রকল্পের সকল ধাপ চূড়ান্ত করা হবে। এই প্রকল্পের জন্য বিবেচিত মূল স্টেকহোল্ডার হলো, প্রকল্প ও পার্শ্ববর্তী এলাকায় বসবাসকারী সকল পরিবার, জমির মালিক, ভাড়াটিয়া, লোকাল এনজিও, স্থানীয় সিটি কর্পোরেশন বা পৌরসভার কর্মকর্তাবৃন্দ, স্থানীয় সরকার ও রাজনৈতিক নেতৃবৃন্দ।

প্রকল্পের ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অবগতি ও উন্নয়ন প্রক্রিয়ায় অংশীদার হবার লক্ষ্যে প্রকল্প সংক্রান্ত তথ্য সকলের জন্য উন্মুক্ত করা প্রয়োজন। এছাড়া প্রকল্পের বিভিন্ন পর্যায়ে তথ্য প্রচারে ভিন্ন ভিন্ন পন্থা অবলম্বন করা হবে। বিশ্ব ব্যাংকের চাহিদা অনুসরণ করে NHA পরিবেশগত দলিলপত্র সকলের জন্য উন্মুক্ত করবে। বিশ্ব ব্যাংকের সম্মতিক্রমে বাংলা সার-সংক্ষেপসহ EMF এর খসড়ার শেষ সংস্করণ NHA এর ওয়েবসাইটে পোস্ট করা হবে; এনজিও, সুশীল সমাজ এবং সাধারণ জনগণের মতামত ও পরামর্শের জন্য PPSIP'র অফিসেও রাখা হবে। দুটি জাতীয় পত্রিকায় এ সংক্রান্ত বাংলা বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমে EMF এর ওপর মন্তব্য পাঠানোর জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হবে।